২০০৭

বাংলা

অষ্টম পত্র

( বিশেষ পত্র )

*পূর্ণমান* : ১০০

*সময়* : ৪ ঘন্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

প্রতি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে।

**বর্গ—২**

( *আধুনিক কবিতা* )

**প্রথমার্ধ—৬০**

ক—বিভাগ থেকে *একটি* ও খ—বিভাগ থেকে *তিনটি* প্রশ্নের উত্তর দিতে হবে। ১৫ × ৪

**ক—বিভাগ**

১। আধুনিক বাংলা কাব্য আন্দোলনে কল্লোলীয় কবিগোষ্ঠীর অবদান আলোচনা করো।

২। কাব্যের আঙ্গিক ও বিষয়বস্তুর দিক থেকে বুদ্ধদেব বসু কোন কোন ব্যাপারে আধুনিকতার স্বাক্ষর রেখেছেন বুঝিয়ে দাও।

( *Turn Over* )

৩। বাংলা কবিতার ইতিহাসে অমিয় চক্রবর্তীর কবিতা কেন বিশেষভাবে উল্লেখের যোগ্য তা আলোচনা করে দেখাও।

### খ—বিভাগ

১। বিস্মরণীতে কবির মৃত্যুভাবনার স্বরূপ আলোচনা করো।

২। সাতটি তারার তিমিরে বাস্তবতার প্রতীকময় প্রকাশের পরিচয় দাও।

৩। 'স্মৃতি সত্তা ভবিষ্যত' কাব্যে প্রকৃত-জীবন ছন্দ কিভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করো।

৪। কবি সুভাষ মুখোপাধ্যায় 'যত দূরেই যাই' কাব্যগ্রন্থে সমাজ ও রাজনীতি সচেতনার যে স্বাক্ষর রেখেছেন তার স্বরূপ বুঝিয়ে দাও।

৫। 'বাবরের প্রার্থনা' কাব্যের 'বাবরের প্রার্থনা' কবিতায় কবির যে মনোভাব ধরা পড়েছে তা বিশ্লেষণ করো।

৬। সোনালী কাবিন কবিতা অবলম্বনে প্রেম ও প্রতিবাদের কবি আলমাহমুদের পরিচয় দাও।

### দ্বিতীয়ার্ধ—৪০

নিম্নোক্ত বিষয়গুলির যে কোনো *একটি* অবলম্বনে প্রবন্ধ রচনা করো :। ৪০ × ১

১। বাংলা আধুনিক কবিতায় মার্কসবাদী চেতনার প্রকাশ।

২। আধুনিক বাংলা কবিতার আঙ্গিক।

৩। আধুনিক বাংলা কবিতায় প্রকৃতি চেতনা।

৪। আধুনিক বাংলা কবিতায় মৃত্যু চেতনা।

৫। স্বাধীনতা উত্তর আধুনিক বাংলা কবিতার ধারা।

**বর্গ—৩**

( *বাংলা নাট্যমঞ্চ ও নাটক* )

**প্রথমার্ধ—৬০**

ক—বিভাগ থেকে যে কোনো *একটি* এবং খ—বিভাগ থেকে যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ৪

**ক—বিভাগ**

১। ( *ক* ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে সৌখিন রঙ্গালয়গুলির ভূমিকা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

( *খ* ) রবীন্দ্রনাথের নাট্য প্রযোজনা পেশাদারি থিয়েটার বা সৌখিন নাট্যাভিনয়ের থেকে স্বতন্ত্র ধরণের ছিল।—মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।

( *গ* ) আমাদের দেশে নাট্যচর্চা বিঘ্নিত হওয়ার পেছনে মুসলমান শাসনের ভূমিকা বিশ্লেষণ করো।

**খ—বিভাগ**

২। নাট্য নিয়ন্ত্রণ আইন প্রণয়নে 'সুরেন্দ্র বিনোদিনী' নাটকের গুরুত্ব কতোখানি ?

৩। উদ্দেশ্যমূলকতা 'বিধবা বিবাহ' নাটকের শিল্পগুণকে ক্ষুন্ন করেছে কি না বিশ্লেষণ করে দেখাও।

৪। নাটকটির প্রথমে নাম ছিল 'যক্ষপুরী'। পাণ্ডুলিপি আকারেই পরে এর নাম হয় 'নন্দিনী' এবং পত্রিকায় প্রকাশিত হয় 'রক্তকরবী' নামে। নামের এই বিবর্তনের নিরিখে 'রক্তকরবী' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

৫। লোকে যাকে কাম নাম দিয়ে নিন্দে করে থাকে তারই প্রভাবে দুজন মানুষ পুণ্যের পথে নিষ্ক্রান্ত হল—তপস্বী ও তরঙ্গিণীর মূল বিষয় হল এই।—নাট্যকারের এই মন্তব্যের সত্যতা নির্ণয় করো।

৬। অ্যাবসার্ড নাটক হিসেবে 'এবং ইন্দ্রজিৎ'-এর সার্থকতা বিচার করো।

৭। 'তিন পয়সার পালা' নাটকে সমাজের যে নগ্ন ছবি ফুটে উঠেছে তা বিশ্লেষণ করে দেখাও।

## দ্বিতীয়ার্ধ—৪০

নিম্নোক্ত বিষয়গুলির যে কোনো *একটি* অবলম্বনে প্রবন্ধ রচনা করো :। ৪০ × ১

(*ক*) গণনাট্য আন্দোলন ও বাংলা নাটক

(*খ*) বাংলা পৌরাণিক নাটকের ধারা

(*গ*) বাংলা নাটকে সংলাপ ব্যবহারের বিবর্তন

(*ঘ*) লোক নাট্য হিসেবে যাত্রার আদি-অন্ত

(*ঙ*) দীনবন্ধুর নাটক ও বাংলা রঙ্গমঞ্চ।

## বর্গ—৪

( *কথা সাহিত্য* )

**প্রথমার্ধ—৬০**

ক—বিভাগ থেকে যে কোন *একটি* ও খ—বিভাগ থেকে যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দিতে হবে। ১৫ × ৪

### ক—বিভাগ

১। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও :

( *ক* ) ইতিহাসের যথার্থ ও সনিষ্ঠ অনুসরণ সত্ত্বেও রমেশচন্দ্র দত্ত ঐতিহাসিক ঔপন্যাসিক হিসেবে বঙ্কিমচন্দ্রের তুলনায় হীনপ্রভ কেন আলোচনা করো।

( *খ* ) রাঢ় বাংলার জনজীবনের বলিষ্ঠ ও সার্থক রূপকার হিসেবে ঔপন্যাসিক তারাশঙ্করের কৃতিত্বের পরিচয় দাও।

( *গ* ) সতীনাথ ভাদুড়ীর রাজনৈতিক ভাবনা আশ্রিত উপন্যাসগুলির কালানুক্রমিক পর্যালোচনা করো।

### খ—বিভাগ

যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও

১। 'রজনী' উপন্যাসে বিভিন্ন চরিত্রের মাধ্যমে কাহিনী উপস্থাপনার যে রীতি গৃহীত হয়েছে তা' কতদূর শিল্প সার্থক হয়েছে আলোচনা করো।

২। 'গোরা'কে মহাকাব্যধর্মী উপন্যাস অভিধায় অভিহিত করা হয় কেন ? এরূপ অভিধা দানের সার্থকতা বিচার করো।

৩। ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসে উপকাহিনীগুলির গুরুত্ব আলোচনা করো।

৪। ঢোঁড়াই চরিত মানস’ উপন্যাসে ঢোঁড়াই চরিত্রের নির্মিতিতে রামিয়া ও সাগিয়ার ভূমিকা ও গুরুত্ব নিরূপণ করো।

৫। ‘চিংড়ি’ উপন্যাসের পরিণতি কতটা শিল্পসম্মত হয়েছে বলে তুমি মনে করো ?

**দ্বিতীয়ার্ধ—৪০**

যে কোনো *একটি* বিষয়ে প্রবন্ধ রচনা করো : ৪০ × ১

(*ক*) বঙ্কিমচন্দ্রের উপন্যাসে নারী এবং নারী চেতনাবাদ।

(*খ*) সমাজ বাস্তবতার ব্যবহারে তিন বন্দোপাধ্যায়ের উপন্যাসের তুলনামূলক সমীক্ষা। (বিভূতিভূষণ, তারাশঙ্কর ও মানিক)

(*গ*) বাংলা উপন্যাসে প্রেমমনস্তত্ত্বের প্রয়োগ।

(*ঘ*) বাংলা উপন্যাসে আদিবাসী জনজীবন।

(*ঙ*) বাংলা উপন্যাসে রাজনৈতিক অভিঘাত।

**বর্গ—৬**

(*লোকসাহিত্য*)

**প্রথমার্ধ—৬০**

**ক—বিভাগ**

১। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দিতে হবে :

(*ক*) ‘লোকসংস্কৃতি ও শিষ্টসংস্কৃতির মধ্যে কিছু মিল থাকলেও বেশ কিছু পার্থক্য রয়েছে।—মন্তব্যটি আলোচনা করো। ১৫

(খ) লোকনাট্য কাকে বলে? লোকনাট্যের বৈশিষ্ট্যগুলি নিয়ে আলোচনা করো এবং সেই প্রসঙ্গে পরিশীলিত নাট্যের সঙ্গে এর পার্থক্যের দিকগুলি উল্লেখ করো। ৩+৬+৬

(গ) টীকা লেখো (যে কোনো *তিনটি*)

কিংবদন্তী ও মিথের পার্থক্য, ক্রমপুঞ্জিত লোককথা, লোকভাষা, ধাঁধায় সামাজিক জীবন, বাংলার লোকনৃত্যের শ্রেণীবিন্যাস, টোটেম। ৫×৩

## খ—বিভাগ

যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দিতে হবে

১। (ক) অবনীন্দ্রনাথ ঠাকুরের 'বাংলার ব্রত' গ্রন্থ অনুসরণে ব্রতের সংজ্ঞা দাও এবং শ্রেণীবিভাগ করো। প্রসঙ্গত লেখক ব্রতের যে বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করেছেন, তা বিশদভাবে বুঝিয়ে দাও। ২+৩+১০

*অথবা*

(খ) 'দু-একটি ব্রতের ছড়া প্রকাশ করছি সেগুলির গঠনের এবং বাঁধুনির প্রণালী দেখলেই বোঝা যাবে তার মধ্যে নাট্যকলার লক্ষণ কেমন পরিস্ফুট'—অবনীন্দ্রনাথ ঠাকুর অনুসরণে যে কোনো একটি দৃষ্টান্ত দিয়ে ব্রতের মধ্যে নাট্যকলার লক্ষণ কিভাবে পরিস্ফুট হয়েছে, তা বুঝিয়ে দাও। ১৫

২। (ক) 'কামচারিতা কামরূপধারিতা ছড়াগুলির প্রকৃতিগত'—'ছেলেভুলানো ছড়া : ২' অনুসরণে ছড়ার 'কামচারিতা কামরূপধারিতা' সম্পর্কে আলোচনা করো। ১৫

*অথবা*

(*খ*) বাংলা সাহিত্যের ইতিহাসের ধারায় কবি-সংগীতগুলি কেন ক্ষণস্থায়ী তা রবীন্দ্রনাথ ঠাকুরের 'কবি-সংগীত' প্রবন্ধ অনুসরণে আলোচনা করো। প্রসঙ্গতঃ, কবি-সংগীতের ঐতিহাসিক গুরুত্ব সম্বন্ধে প্রাবন্ধিকের মতামতটি লেখো। ১২+

৩। (*ক*) প্রাচীন কাল থেকেই বাংলা সাহিত্যে প্রবাদের অবাধ বিচরণ—'বাংলা প্রবাদ' গ্রন্থ অবলম্বনে আলোচনা করো। :

*অথবা*

(*খ*) প্রবাদে বাংলার সামাজিক জীবন কিভাবে চিত্রিত হয়েছে তা আলোচনা করো। :

**দ্বিতীয়ার্ধ**—৪০

নিম্নোক্ত বিষয়গুলির যে কোনো *একটি* অবলম্বনে প্রবন্ধ রচনা করো :। ৪০ ×

(*ক*) আধুনিক কবিতায় লোকাভরণ

(*খ*) লোকসাহিত্যে শ্রমজীবী মানুষ

(*গ*) রবীন্দ্রনাথ ও লোকসাহিত্য

(*ঘ*) বাংলার গাথাসাহিত্য

(*ঙ*) মেদিনীপুরের লোকভাষা।

## বর্গ—৮

### ( *তুলনামূলক আধুনিক ভারতীয় সাহিত্য* )

**প্রথমার্ধ—৬০**

### ক—বিভাগ

যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ১৫ × ১

১। ( ক ) আধুনিক ভারতীয় সাহিত্যের পটভূমিতে যে কোনও একজন লেখকের রচনার সাধারণ পরিচয় দাও :
ফকিরমোহন সেনাপতি, হরিনারায়ণ আপ্টে, মহাদেবী বর্মা।

( খ ) উনিশ শতকে ভারতীয় আধুনিক সাহিত্যের বিকাশে বাংলা সাহিত্যের ভূমিকা আলোচনা করো।

( গ ) উনিশ ও বিশ শতকে বাংলা ও অসমীয়া অথবা বাংলা ও ওড়িয়া অথবা বাংলা ও হিন্দী ভাষার লেখকদের পারস্পরিক প্রভাব ও যোগাযোগ সম্পর্কে আলোচনা করো।

### খ—বিভাগ

যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও ১৫ × ৩

১। একটি মহাকথারূপে গোদান উপন্যাসের সার্থকতা নিরূপণ করো।

২। গোদান উপন্যাসে চাষি থেকে মজুর হওয়ার যে আখ্যান আছে তা সংক্ষেপে বিবৃত করো।

৩। কন্যাদান নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

৪। কন্যাদান নাটকে চিত্রিত যে কোনও এক প্রধান নারী বা পুরুষ চরিত্রের পরিচয় দাও।

৫। গজল কাকে বলে ? গজল রচনায় প্রেমিক কবি গালিবের কৃতিত্বের পরিচয় দাও।

৬। 'বাবাজী'র নামকরণের সার্থকতা বিচার করো।

৭। 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসে বাস্তবতার যে রূপ পরিস্ফুট তা আলোচনা করো।

## দ্বিতীয়ার্ধ—৪০

নিম্নোক্ত বিষয়গুলির যে কোনো *একটি* অবলম্বনে প্রবন্ধ রচনা করো :। ৪০ × ১

( *ক* ) রবীন্দ্রনাথ ও আধুনিক ভারতীয় সাহিত্য।

( *খ* ) আধুনিক বাংলা ও মারাঠি নাটক।

( *গ* ) স্বাধীনতা-উত্তর অসমিয়া ও বাংলা উপন্যাসের গতিপ্রকৃতি।

( *ঘ* ) হিন্দি ও বাংলা কথাসাহিত্য জগতে প্রেমচন্দ ও শরৎচন্দ্রের ভূমিকা।

( *ঙ* ) দক্ষিণ ভারতের আধুনিক সাহিত্যে অন্যান্য আধুনিক ভারতীয় সাহিত্যের প্রভাব।